

চার বছর মেয়াদি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং শিক্ষা কোর্সকে তিন বছরে রূপান্তরের বিষয়ে শিক্ষামন্ত্রীর দেওয়া বক্তব্যের প্রতিবাদে বরিশালে কালো কান্টনমেন্টের সদর রোডে বুধবার দুপুরে বরিশালের সব সরকারি ও বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। ইনস্টিটিউট থেকে শিক্ষার্থীরা শরীরে শিকল জড়িয়ে প্লাকার্ডসহ প্রতীকী মিছিল নিয়ে সদর রোডে জড়ো হন।

১২ আগস্ট ঢাকা পলিটেকনিক শিক্ষক সমিতির সম্মেলনে শিক্ষামন্ত্রী এ বক্তব্য দিয়েছিলেন। বক্তারা বলেন, আমরা চার বছরের কারিগরি শিক্ষা অর্জন করে দেশ উন্নয়নে দক্ষ মানবসম্পদ হতে চাই। তিন বছরের শিক্ষা গ্রহণ করে আমরা দক্ষ জনশক্তি হয়ে উঠতে পারব না। তাই এ বক্তব্যের প্রতিবাদ জানিয়ে তা প্রত্যাহারের দাবি জানাচ্ছি।